JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/29/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো বিলি জোয়েলের উপস্থিতিতে নিউ ইয়র্কের জলাধারগুলোতে অফশোর ড্রিলিং (OFFSHORE DRILLING) নিষিদ্ধ করার বিলে স্বাক্ষর করেন

স্টেটের জলাধার ও উপকূলীয় কমিউনিটির সুরক্ষার উদ্দেশ্যে ওয়াশিংটনের জীবাশ্ম জ্বালানি আক্রমণের (Fossil Fuel Assault) মধ্যবর্তী সময়ে নিউ ইয়র্ক পদক্ষেপ নিচ্ছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ বিলি জোয়েলের উপস্থিতিতে নিউ ইয়র্ক স্টেটের জলাধারগুলোতে অফশোর ড্রিলিং নিষিদ্ধ করার আইনে (S.2316 (Kaminsky)/A.2572 (Englebright)) স্বাক্ষর করেন। এই আইন স্টেটকে স্টেট নিয়ন্ত্রিত অফশোর এলাকায় ড্রিলিং অথবা তেল বা গ্যাস অনুসন্ধানের অনুমতি প্রদান করায় বাধা দেবে। এই নিষেধাজ্ঞা উপকূলীয় নিউ ইয়র্কের নিকটে, এমনকি ফেডারেল সরকার নিয়ন্ত্রিত জলাধারগুলোতেও তেল ও গ্যাস অনুসন্ধান কাজ কঠিন করে তোলার মাধ্যমে নিউ ইয়র্কের জলাধার এবং উপকূলকে নিরাপদ রাখবে। অধিকন্তু, এই আইন তেল বা প্রাকৃতিক গ্যাসের অনুসন্ধান, উন্নয়ন বা উৎপাদনের অনুমতি প্রদান করে বা সুবিধা করে দেয় স্টেটের মালিকানাধীন পানির নিচের উপকূলবর্তী এমন এলাকাগুলোর ইজারা প্রদানও নিষিদ্ধ করে। ট্রাম্প প্রশাসনের মার্কিন যুক্তরাষ্ট্রের উপকূলীয় অঞ্চল ড্রিলিং এর জন্য উন্মুক্ত করে দেয়ার প্রস্তাবের সরাসরি প্রতিক্রিয়া হিসেবে গভর্নর এই বিলে স্বাক্ষর করেন।

"এই বিলে বলা হয়েছে এটি কোনোভাবেই সম্ভব নয় যে আপনি লং আইল্যান্ড এবং নিউ ইয়র্কের উপকূলে ড্রিল করবেন কারণ আমাদের অবশ্যই এই ফেডারেল সরকার যা করছে তার বিকল্প রাস্তায় সামনে এগিয়ে যেতে হবে", **গভর্নর কুওমো বলেন।** "আজকের দিনটি এটি নিশ্চিত করার জন্য যে আমাদের শিশুদের জন্য এবং পরবর্তী প্রজন্মের জন্য জোন্স বিচ এবং সকল উপকূলীয় কমিউনিটি যেন বিদ্যমান থাকে। আমাদের অবশ্যই এটি নিশ্চিত করতে হবে যে আমরা এই পৃথিবীটিকে তাদের জন্য অধিকতর ভালো জায়গা হিসেবে রেখে যাচ্ছি কারণ পিতামাতা হিসেবে, নাগরিক হিসেবে, মানুষ হিসেবে আমাদের কাজ এটিকে আমরা যেভাবে পেয়েছি তার চেয়ে অধিক ভালো অবস্থায় রেখে যাওয়া।"

"নিউ ইয়র্কের জলপথে অফশোর ড্রিলিং নিষিদ্ধ করার এই আইনটি আমাদের পানির গুণাগুণ রক্ষা ও গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ কমিয়ে আনার চলমান প্রচেষ্টার অংশ", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "যেখানে ফেডারেল সরকার পরিবেশগত ক্ষতির হুমকি মোকাবেলায় ব্যর্থ হয়েছে, সেখানে নিউ ইয়র্ক ভবিষ্যৎ প্রজন্মের জন্য আরও স্বচ্ছ ও সবুজ পরিবেশ রেখে যাওয়ার উদ্দেশ্যে আমাদের অদম্য ক্লিন এনার্জি গোল (clean energy goals) ও জলবায়ু পরিবর্তন মোকাবেলার প্রতিশ্রুতিকে সাথে নিয়ে নেতৃত্ব দিয়ে চলেছে।"

2017 সালে ফেডারেল সরকার 2019-2024 পর্যন্ত সময়ের জন্য একটি নতুন ন্যাশনাল আউটার কন্টিনেন্টাল শেলফ অয়েল এন্ড গ্যাস লিজিং প্রোগ্রাম (National Outer Continental Shelf Oil and Gas Leasing Program) এর প্রস্তাব দেয় যেখানে দেশের 90 শতাংশের বেশি অফশোর জলাধার তেল ও গ্যাস ড্রিলিং এর জন্য উন্মুক্ত করে দেয়া হতো। কয়েক দশকে প্রথমবারের মতো নতুন ফেডারেল পরিকল্পনাটিতে আটলান্টিক মহাসাগরের বিস্তীর্ণ এলাকা সম্ভাব্য জীবাশ্ম জ্বালানি অনুসন্ধান ও ড্রিলিং এর জন্য উন্মুক্ত করে দেয়া হতো যার ফলে নিউ ইয়র্কের উপকূল সরাসরি উল্লেখযোগ্য পরিবেশগত ক্ষতির সম্মুখীন হতো।

চালু হওয়ার কিছু সময় পরেই ফ্লোরিডাকে অফশোর ড্রিলিং থেকে রেহাই দেয়া হয় এই কারণে যে স্টেটটি দেশের অন্যতম শীর্ষ সমুদ্র অর্থনীতি হিসেবে পর্যটনের উপর ব্যাপকভাবে নির্ভরশীল। তবে, দেশের তৃতীয় সমুদ্র অর্থনীতি হওয়ার পরেও নিউ ইয়র্ক এই নিষ্কৃতি পায়নি এবং নিষ্কৃতি না দেয়া হলে প্রায় 320,000 টি কর্মসংস্থান এবং পর্যটন ও মৎস্য শিল্প থেকে উপার্জিত বিলিয়ন ডলার অর্থ হারিয়ে ফেলার সম্ভাবনা সৃষ্টি হয়। সব মিলিয়ে, নিউ ইয়র্কের সমুদ্র অর্থনীতি 11 বিলিয়ন মার্কিন ডলার মজুরি খাতে খরচ করে এবং মোট দেশজ উৎপাদনে (gross domestic product) 23 বিলিয়ন মার্কিন ডলার এর অবদান রাখে। লং আইল্যান্ড এবং নিউ ইয়র্ক হারবার 11.4 মিলিয়ন মানুষের বাসস্থান যেখানে স্টেটের 60 শতাংশ মানুষ প্রায় 2,000 মাইল উপকূলীয় রেখার কাছাকাছি বাস করছেন।

অধিকন্তু, নিউ ইয়র্ক ও নিউ জার্সির বন্দর (Port of NYNJ)—আটলান্টিক সমুদ্রতটে সর্ববৃহৎ বন্দর—অফশোর ড্রিলিং সংক্রান্ত যেকোনো বড় ধরনের স্পিলের কারণে বিধ্বস্ত হয়ে যাবে যা বন্দরের কার্যক্রম এবং জাতীয় অর্থনীতির উপর প্রভাব ফেলবে। 90 বিলিয়ন মার্কিন ডলারের সমষ্টিগত ব্যক্তিগত ও ব্যবসায়িক আয় এবং 8.5 বিলিয়ন মার্কিন ডলারের ফেডারেল, স্টেট ও স্থানীয় কর উপার্জনের সাথে সাথে বন্দরটি 400,000 টি পরোক্ষ কর্মসংস্থান এবং 229,000 টি প্রত্যক্ষ কর্মসংস্থানে সহায়তা করে থাকে।

সেক্রেটারি অব স্টেট রোসানা রোসাডো বলেন, "নিউ ইয়র্ক তেল ও গ্যাস কার্যকলাপের হুমকি মোকাবেলায় একতাবদ্ধ এবং গভর্নর কুওমো আবারও একবার স্বাস্থ্যকর সামুদ্রিক পরিবেশ যার উপর আমাদের উপকূলীয় কমিউনিটি ও অর্থনীতি নির্ভরশীল সেটি রক্ষায় তার প্রতিশ্রুতির প্রতিফলন দেখিয়েছেন। ভবিষ্যতে আমাদের শক্তির রুপান্তর, জলবায়ু পরিবর্তন মোকাবেলা এবং বেপরোয়া শোষণ থেকে আমাদের স্টেটকে রক্ষায় স্টেটের অব্যাহত প্রচেষ্টায় এটি একটি গুরুত্বপূর্ণ সংগ্রাম।"

DEC কমিশনার বেসিল সেগোস বলেন, "স্বচ্ছ শক্তির অর্থনীতিতে রুপান্তরের ক্ষেত্রে নিউ ইয়র্ক জাতিকে নেতৃত্ব দিয়ে চলেছে। আমরা বুঝতে পেরেছি যে তেল ও গ্যাস অনুসন্ধান, ড্রিলিং এবং অফশোর ড্রিলিং এর ফলে হওয়া সম্ভাব্য পরিবেশগত ক্ষতি নিউ ইয়র্কের বহু বিলিয়ন ডলারের উপকূলীয় অর্থনীতিকে বিপদগ্রস্ত করবে। আমাদের উপকূল ও পানি স্বাস্থ্য ঝুঁকির সম্মুখীন করার পরিবর্তে গভর্নর কুওমোর পরিচালনায় নিউ ইয়র্ক গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ কমানো এবং জলবায়ু পরিবর্তন মোকাবেলায় স্টেটের সমন্বিত প্রচেষ্টায় সহায়তা করার উদ্দেশ্যে নবায়নযোগ্য শক্তির সক্রিয় সম্প্রসারন চালিয়ে যাচ্ছে।"

ন্যাচারাল রিসোর্সেস ডিফেন্স কাউন্সিল (Natural Resources Defense Council) এর নিউ ইয়র্ক অঞ্চলের পরিচালক এবং সিনিয়র অ্যাটর্নি মার্ক আইজম্যান বলেন, "আমাদের জলাধারগুলোকে অফশোর ড্রিলিং এর জন্য উন্মুক্ত করে দেওয়ার ক্ষেত্রে প্রেসিডেন্ট ট্রাম্পের বেপরোয়া পরিকল্পনার ভাগ্য যেখানে অনিশ্চিত, গভর্নর কুওমো সেখানে নিউ ইয়র্কের উপকূলীয় অর্থনীতিকে এই আওতার বাইরে থাকা নিশ্চিত করছেন। এই আইন স্বাক্ষরের মাধ্যমে গভর্নর এটি পরিষ্কারভাবে জানিয়ে দিচ্ছেন যে নিউ ইয়র্ক এর অমূল্য উপকূলীয় জলাধার - এর সাথে জড়িত শত সহস্র কর্মসংস্থান রক্ষা করবে - এবং আমাদের অজস্র মৎস্য ও প্রাণীকুলকে নিরাপদে রাখবে। অফশোর ড্রিলিং এর মাধ্যমে আমাদের সমুদ্রের পানিকে দূষিত করার পরিবর্তে নিউ ইয়র্ক আমাদের উপকূলীয় বায়ুপ্রবাহ কাজে লাগিয়ে এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য ভবিষ্যতে স্বচ্ছ শক্তিতে বিনিয়োগের মাধ্যমে নেতৃত্ব দিয়ে যাবে।"

সেনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "সেনেটের সংখ্যাগরিষ্ঠ অংশ ট্রাম্প প্রশাসনের লং আইল্যান্ড সমুদ্রতীরে ড্রিল করার পরিকল্পনার সমর্থনে দাঁড়াবে না। লং আইল্যান্ডের প্রাকৃতিক সম্পদ এবং কমিউনিটিগুলোর জীবনযাত্রা হুমকির সম্মুখীন। আমি বিল উত্থাপনকারী সেনেটর টড কামিনস্কিকে লং আইল্যান্ডকে রক্ষায় তার তড়িৎ পদক্ষেপ এবং নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ রক্ষায় তার নেতৃত্ব দানের জন্য প্রশংসা জানাই। সেনেট ডেমোক্রেটিক মেজরিটি লং আইল্যান্ড পরিবারের পাশে দাঁড়াবে এবং নিউ ইয়র্কের তটরেখার নিকটে যেকোনো ড্রিল প্রচেষ্টার বিরুদ্ধে লড়াই করবে।"

অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিস্টি বলেন, "নিউ ইয়র্কের উপকূল এবং জলপথ আমাদের স্টেট, পরিবেশ ও অর্থনীতির স্বাস্থ্য ও সুস্থতার অবিচ্ছেদ্য অংশ। অয়েল স্পিল কী পরিমাণ ধ্বংসের কারণ হতে পারে তা আমরা দেখেছি এবং নিউ ইয়র্কে সে ধরনের ধ্বংসলীলা প্রতিরোধে প্রতিশ্রুতিবদ্ধ। আমি 2018 সালে অ্যাসেম্বলিতে প্রথম পাশ হওয়া প্রস্তাবনাটি আইন হিসেবে স্বাক্ষরিত হতে দেখে আনন্দিত। আমাদের এনভায়রনমেন্টাল কনজারভেশন কমিটির (Environmental Conservation Committee) সভাপতি স্টিভ অ্যাংগলব্রাইটকে ধন্যবাদ যিনি বিলটি উত্থাপন করেন এবং এখানে নিউ ইয়র্কে এটিকে বাস্তবরুপ দিয়েছেন। যেখানে ফেডারেল প্রশাসন পরিবেশগত সুরক্ষা দুর্বল করা অব্যাহত রেখেছে এবং অস্থিতিশীল শক্তি নীতিমালা চাপিয়ে দিচ্ছে, সেখানে অ্যাসেম্বলি মেজরিটি আমাদের তটরেখা ও জলপথ রক্ষায় নিবেদিত রয়েছে।"

সেনেটর টড কামিনস্কি বলেন, "এটি ফেডারেল সরকারের জন্য প্রযোজ্য না হলেও আমাদের স্টেটের জন্য লং আইল্যান্ডের জলাধারগুলোকে অকৃত্রিম রাখাকে অগ্রাধিকার দিতে হবে। আজকে অয়েল ড্রিলিং নিষেধাজ্ঞায় স্বাক্ষরের মাধ্যমে, গভর্নর কুওমো ও আমাদের সমগ্র স্টেট এমন একটি শক্তিশালী বার্তা দেয় যে আমরা আমাদের শক্তি সংক্রান্ত নীতিমালার ক্ষেত্রে পিছিয়ে পড়ব না এবং আমরা আমাদের প্রাকৃতিক সম্পদ সুরক্ষার জন্য অগ্রসর হব।"

অ্যাসেম্বলি মেম্বার স্টিভ অ্যাংগলব্রাইট বলেন, "ফেডারেল সরকারের তেল ও গ্যাসের জন্য ড্রিলিং আমাদের জলাধারগুলোকে উন্মুক্ত করে দেওয়ার প্রস্তাবে প্রায় সর্বসম্মত নিন্দা রয়েছে। এই আইন অফশোল ড্রিলিং নিষিদ্ধকরণের মাধ্যমে নিউ ইয়র্কের পরিবেশকে সুরক্ষিত রাখার জন্য অদম্য পদক্ষেপ

নেয়। এই আইন আমাদের জলাধারগুলোকে রক্ষা করবে; সেগুলোকে বিনোদন, মাছধরা ও বন্যপ্রাণীর জন্য নিরাপদ রাখবে। সেইসাথে এই কার্যক্রম আমাদের দেশীয় ও প্রাকৃতিক সম্পদের মূল্য রক্ষা করবে যা লং আইল্যান্ডকে পর্যটকদের গন্তব্যস্থলে পরিণত করেছে। আমি এই আইনটি পাশের জন্য স্বাক্ষর করায় আমার সেনেট স্পন্সর টড কামিনস্কিকে ধন্যবাদ জানাই এবং গভর্নর কুওমোর প্রশংসা করছি।"

সাফোক কাউন্টির এক্সিকিউটিভ স্টিভ বেলোন বলেন, "আমরা তেল কোম্পানিগুলোকে লং আইল্যান্ড বিচের বিনিময়ে সরকারি নীতিমালা নির্দেশনার অনুমতি দিব না জানিয়ে নিউ ইয়র্ক ওয়াশিংটনের কাছে একটি বার্তা পাঠাচ্ছে। আমরা নবায়নযোগ্য স্বচ্ছ শক্তির ক্ষেত্রে সাফোক কাউন্টিকে দেশের শীর্ষস্থানীয় করার জন্য নতুন সীমান্তে কাজ শুরু করার ফলে আমাদের তটরেখাকে রক্ষার জন্য আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাতে চাই।"

নাসাউ কাউন্টি এক্সিকিউটিভ লরা কারান বলেন, "সম্প্রসারিত অফশোর ড্রিলিং আমাদের জলাধারগুলোকে পরিষ্কার রাখা, আমাদের বাস্তুতন্ত্রকে বিপদগ্রস্থ করা এবং লং আইল্যান্ডবাসী কাজের জন্য নির্ভর করে এমন শিল্প প্রতিষ্ঠানগুলোকে ব্যাহত করার জন্য আমাদের প্রচেষ্ঠার সাথে আপোষ করবে। আমি গভর্নর কুওমো ও সেনেটর কামিনস্কির প্রতি লং আইল্যান্ডের মূল্যবান জলাধার ও প্রাকৃতিক সম্পদ সুরক্ষায় তাদের নেতৃত্বের জন্য কৃতজ্ঞ।"

সাফোক কাউন্টি বিধানসভার সংখ্যাগরিষ্ঠ নেতা কারা হন বলেন, "এক প্রজন্মেরও অধিক সময় ধরে, নিউ ইয়র্ক এর উপকূল ও জলপথ উভয়ের শিল্পায়নের ফলে হওয়া পরিবেশগত প্রভাব প্রতিরোধের জন্য কাজ করছে। সব কাজ ও বিনিয়োগকে হুমকির মুখে ফেলা অদূরদর্শী নীতিমালার অনুকূলে আনতে আমরা নিউ ইয়র্কবাসী আমাদের উপকূলীয় জলাধারগুলোকে সুরক্ষা ও পুনরুদ্ধার করার জন্য কঠোর সংগ্রাম করেছি। আমাদের পরিবেশ ও উপকূলকে সুরক্ষিত করার প্রতিশ্রুতিকে পুনঃনিশ্চিত করার জন্য আমি অ্যাসেম্বলিম্যান অ্যাংগলব্রাইট, সেনেটর কামিনস্কি ও গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাচ্ছি ও তাদের প্রশংসা করছি।"

সাফোক কাউন্টির বিধায়ক রব ক্যালারকো বলেন, "আমাদের উপকূলগুলো লং আইল্যান্ডবাসীর কাছে প্রধান অংশে পরিণত হচ্ছে। বিশ্বমানের সৈকত, প্রাণবন্ত মৎস্য শিল্প এবং স্বাস্থ্য ও আমাদের লোকদের কল্যাণ সবই আমাদের উপকূলের মধ্যে নিহিত। ফেডারেল সরকার আমাদের উপকূলের মাত্র কয়েক মাইলে অয়েল ড্রিলিং এর অনুমতি দানে তাদের বেপরোয়া পরিকল্পনার মাধ্যমে আমাদের জীবিকা ও স্বাস্থ্যকে ঝুঁকির মুখে ফেলছে। আমি গভর্নর কুওমোর পাশে থাকতে পেরে গর্বিত এবং বলছি যে আমরা অপেক্ষা করব না এবং ওয়াশিংটনকে এর দায়িত্বহীন পরিকল্পনার দ্বারা লং আইল্যান্ডকে ঝুঁকির মুখে ফেলতে দেব না।"

সাফোক কাউন্টির বিধায়ক ব্রিজেট ফ্লেমিং বলেন, "দ্বিতীয় লেজিলেটিভ ডিস্ট্রিক্টকে, আমি যেটির প্রতিনিধি, ব্রুকহেভেন থেকে শেল্টার আইল্যান্ড হয়ে সেখান থেকে মোনটাক পয়েন্ট পর্যন্ত বাড়ানো হচ্ছে এবং এটি আন্তর্জাতিকভাবে-স্বীকৃত নজরকাড়া সৈকত, একটি শক্তিশালী পর্যটন ও দ্বিতীয় দেশজ অর্থনীতি এবং পুনরুদিত কৃষি ও মৎস্য শিল্প, সব গুরুত্বপূর্ণ অর্থনৈতিক চালিকাশক্তির কেন্দ্রস্থলে পরিণত হচ্ছে। লং আইল্যান্ড এলাকায়, 5.6 বিলিয়ন মার্কিন ডলার আয় হয় পর্যটন থেকে এবং তা

100,000 এর বেশি স্থানীয় কর্মসংস্থান প্রদান করে। আমি আলবেনিতে, লং আইল্যান্ড ও সাফোক কাউন্টিতে অফশোর ড্রিলিং নিষিদ্ধকরণ ও সমুদ্র তীর যা আমাদের অর্থ নির্ধারণে সাহায্য করে তার সুরক্ষার ও সংরক্ষণ প্রচেষ্টার জন্যআমাদের নেতাগণকে সম্পূর্ণরূপে সমর্থন করি।"

হ্যাম্পস্ট্যাড টাউন সুপারভাইজার লরা গিলেন বলেন, "লং আইল্যান্ডের সৈকত ও জলপথগুলো কিংবদন্তীতুল্য এবং আমাদের তটরেখা দক্ষিণ কূলের জন্য মুকুটস্বরূপ যা প্রতিবছর মিলিয়ন মিলিয়ন পর্যটক ও দর্শনার্থীদের আকৃষ্ট করে। অফশোর ড্রিলিং থেকে এসব প্রাকৃতিক সম্পদকে সুরক্ষা করা শুধু সবুজ শক্তির বিকল্পসমূহের উন্নয়ন অনুসন্ধান করে না, বরং আমাদের উপকূলীয় কমিউনিটিগুলোকে সংরক্ষণ করে, আমাদের স্থানীয় অর্থনীতিকে সুরক্ষিত করে, যা প্রচণ্ডভাবে পর্যটন, মৎস্য শিকার ও নৌকা চালানের উপর নির্ভর করে।"

2019 মার্চে, ইউ.এস. কমার্স ডিপার্টমেন্টের (U.S. Commerce Department) জাতীয় মহাসাগরীয় ও বায়ুমণ্ডলীয় প্রশাসন (National Oceanic and Atmospheric Administration) জনগণকে একটি স্টেট পর্যালোচনা পদ্ধতি "প্রবাহের" উপায়গুলো মূল্যায়ন করতে বলেছে যা কোস্টাল জোন ম্যানেজমেন্ট অ্যাক্টের (Coastal Zone Management Act) অধীনে মঞ্জুর করা হয়েছে, যা স্টেটের তাদের উপকূলের কার্যক্রম নিয়ন্ত্রণ করার জন্য একটি শক্তিশালী অস্ত্র। গভর্নর কুওমোর নির্দেশনায়, ডিপার্টমেন্ট অব স্টেট (Department of State) কিছু মন্তব্য পেশ করেছে যেগুলো ফেডারেল সরকারকে আমাদের গুরুত্বপূর্ণ উপকূলীয় অর্থনীতিকে রক্ষার জন্য প্রয়োজনীয় স্টেটের কর্তৃত্বকে দুর্বল বা হ্রাস করার যেকোনো প্রচেষ্টা বর্জন করতে আহ্বান জানায়।

ইনটেরিয়র সেক্রেটারি ডেবিড বার্নহার্ডট সম্প্রতি প্রশাসনের ড্রিলিং পরিকল্পনা অগ্রসর হবে কিনা সে ব্যাপারে অনিশ্চয়তা প্রকাশ করলেও নিউ ইয়র্ক ও অন্যান্য উপকূলীয় স্টেটগুলো চাপ প্রদান অব্যাহত রাখছে এবং তার বিরোধিতার ব্যাপারে সতর্কতা অবলম্বন করছে। বিভিন্ন স্টেটের আইনসভা তাদের উপকূলে ফেডারেল সরকারের তেল ও গ্যাস সংক্রান্ত ইজারা সম্প্রসারণের প্রস্তাবনায় বাঁধা দিতে আইনি পদক্ষেপ নিয়েছে। কানেকটিকাট, ফ্লোরিডা, জর্জিয়া, হাওয়াই, মেইন, ম্যাসাচুসেটস, নিউহ্যাম্পশায়ার, রোডি আইল্যান্ড ও সাউথ ক্যারোলিনা তাদের উপকূলীয় জলাধারগুলোতে অফশোর ড্রিলিং প্রতিরোধের লক্ষ্যে বিল পাশ করেছে বা সমাধানের উপায় উপস্থাপন করেছে। ক্যালিফোর্নিয়া, ডেলাওয়্যার, ম্যারিল্যান্ড, নিউ জার্সি ও ওরেগন সাফল্যের সাথে আইন পাশ করেছে।

গভর্নর কুওমো স্টেটের ইতিহাসে কৃত্রিম প্রবাল প্রাচীর প্রোগ্রাম (Artificial Reef program) এর সর্ববৃহৎ সম্প্রসারণ সহ এই অঞ্চলের সামুদ্রিক সম্পদগুলোর সহায়তায় উল্লেখযোগ্য বিনিয়োগ করেছেন, 2019-2020 বাজেটে পরিবেশ সুরক্ষা ফান্ডে (Environmental Protection Fund) সর্বোচ্চ 300 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ, 2.5 বিলিয়ন মার্কিন ডলারের ক্লিন ওয়াটার ইনফ্রাস্ট্রাকচার অ্যাক্ট (Clean Water Infrastructure Act) এবং স্বচ্ছ পানির জন্য অতিরিক্ত 500 মিলিয়ন মার্কিন ডলার, লং আইল্যান্ডের বাদামী জোয়ার প্রশমন করতে নিউ ইয়র্ক সি গ্র্যান্ট প্রোগ্রামের (NY Sea Grant program) জন্য এবং নিউ ইয়র্কের তটরেখাজুড়ে অফশোর ড্রিলিং নিষিদ্ধ করার জন্য পদক্ষেপ নিতে 2 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করেন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov

নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন